প্রথম আলো

তারিখ ... 29 JUL 2009
পৃষ্ঠা ... ৪ ... কলাম ...

## সিলেট সরকারি কলেজ

# ছাত্রীনিবাসে ছাত্রদের থাকার ব্যবস্থা করে দিয়েছে ছাত্রলীগ!

**নিজস্ব প্রতিবেদক, সিলেট ●**

সিলেট সরকারি কলেজের নতুন ছাত্রীনিবাসে সাধারণ ছাত্রদের নিয়ে অবস্থান নিয়েছে ছাত্রলীগের কর্মী-সমর্থকেরা। গতকাল তারা ওই ছাত্রীনিবাসে অবস্থান নেয়। ছাত্রলীগের নেতারা দাবি করেন, সাধারণ ছাত্রদের থাকার ব্যবস্থা করতেই তাঁদের এটা করতে হয়েছে।

কলেজ সূত্র জানায়, গতকাল কলেজের ছাত্রাবাসে আসন বরাদ্দ দেওয়া হয়। এতে সহস্রাধিক ছাত্র আবেদন করেছিল। কিন্তু ছাত্রাবাসে মাত্র ১৭৫টি আসনের মধ্যে ১৪০টির বরাদ্দ দেওয়া হয়। বাকিগুলো বসবাসের অনুপযোগী হওয়ায় বরাদ্দ বন্ধ রাখা হয়। এতে ক্ষুব্ধ হয়ে সাধারণ ছাত্রদের একাংশ কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ করে। তাদের দাবির সঙ্গে একাত্ম হয়ে ছাত্রলীগের কলেজ শাখার নেতারা দলীয় কর্মী-সমর্থক ছাত্রদের নিয়ে নতুন ছাত্রীনিবাস দখল করে সেখানে অবস্থান নেন। সূত্র জানায়, ২৬ কক্ষের ১০০ আসনবিশিষ্ট ছাত্রীনিবাসটি নতুন করে নির্মাণ করা হয়েছে। এখনো আসন বরাদ্দ দেওয়া হয়নি।

কলেজ ছাত্রলীগের সভাপতি দেবাও দাস বলেন, 'এটা ছাত্রলীগের একক কোনো বিষয় নয়। ছাত্ররা আসন বরাদ্দ চেয়েও পাচ্ছিল না। আবাসনের কথা চিন্তা করে ছাত্রীনিবাসে অস্থায়ীভাবে সাধারণ ছাত্রদের তুলে দেওয়া হয়েছে।'

একে দখলবাজি বলে মনে করেন কলেজের অধ্যক্ষ আবদুস সোবহান। সন্ধ্যায় তিনি *প্রথম আলোকে* বলেন, 'কলেজের সাধারণ ছাত্রদের সঙ্গে বহিরাগতরাও ছাত্রীনিবাসে উঠেছে। আমরা বিষয়টি নিয়ে বৈঠকে বসেছি।' তিনি আরও বলেন, 'ছাত্রীনিবাসে গ্যাস ও বিদ্যুৎ নেই। কোনো কর্মচারী বা কর্মকর্তাও দায়িত্বে নেই। এ অবস্থায় সেখানে ওরা কীভাবে থাকবে, তা নিয়েও প্রশ্ন রয়েছে।'